গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (NIPORT)
**স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর এর কার্যক্রম ব্যবস্থাপনায় সমন্বিত উন্নয়ন প্রকল্প**
১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

নং: ৫৯.১২.০০০০.০০০.০০২.১৪.০০০১.২৬ -৮৩

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩ / ২৭ আগষ্ট ২০২৬

স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচী (HPNSP) এর প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন (TRD) Operational Plan ২০১৭-২০২৪ এর আওতায় ২০২৩-২৪ অর্থ বছরে নিপোর্ট কর্তৃক পরিচালিতব্য NPS-01: Increasing Trend of Caesarean Section Delivery in Bangladesh: Causes, consequences and Measures, NPS-03: Chronic malnutrition among preschool children in Bangladesh: Causes, consequences and measures, NPS-06: Situation Analysis 24/7 Services in Union Health and Family Welfare Center, NPS-07: Assessment of the Socio-economic Inequalities in Continuum of Care across Women's Reproductive Life Cycle in Bangladesh এবং NPS-08: A study on performance and cost effectiveness of Paid Peer Volunteers (PPV) in MCH-FP services ও An Annotated Bibliography- গবেষণা কার্যক্রমসমূহ **স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর এর কার্যক্রম ব্যবস্থাপনায় সমন্বিত উন্নয়ন প্রকল্পের** আওতায় সমাপ্তকরণের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সীমিত সময়ের জন্যে নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে নির্দেশক্রমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

**পদের নাম ও বেতন ক্রমঃ**

| ক্রম | পদের নাম ও বেতনক্রম | পদ সংখ্যা | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | **ডাটা এন্ট্রি অপারেটর**<br>মাসিক সর্বসাকুল্যে ১৯,৮২৫/-<br>ও মাঠে অবস্থানকালীন সময়/প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবে। | ৫০ টি | ১. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী।<br>২. গবেষণা সংক্রান্ত ডাটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩. আবেদনকারী প্রার্থীদের মধ্যে থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরি করা হবে।<br>৪. গবেষণা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | **এডিটর/কোডার**<br>মাসিক সর্বসাকুল্যে ১৯,৮২৫/-<br>ও মাঠে অবস্থানকালীন সময়/প্রশিক্ষণের অংশগ্রহণের জন্য নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবে। | ২০টি | ১. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ডিগ্রী।<br>২. গবেষণা সংক্রান্ত ডাটা এডিটিং কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩. আবেদনকারী প্রার্থীদের মধ্যে থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরি করা হবে।<br>৪. গবেষণা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | **ডাটা এনালিস্ট**<br>প্রতিদিন ৩,০০০/- হারে সম্মানী তবে একটি প্রতিবেদনের জন্য একজন সর্বোচ্চ ৪০ দিনের বেশী সময় পাবেন না। | ৫ টি | ১. প্রথম শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত।<br>২. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাস্টার্স ডিগ্রী।<br>৩. ডাটা এনালাইসিস সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. আবেদনকারী প্রার্থীদের মধ্যে থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরি করা হবে।<br>৫. গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | **রিভিউয়ার**<br>প্রতিদিন ৩,০০০/- হারে সম্মানী তবে একটি প্রতিবেদনের জন্য একজন সর্বোচ্চ ৪০ দিনের বেশী সময় পাবেন না। | ৫টি | ১. প্রথম শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত।<br>২. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাস্টার্স ডিগ্রী।<br>৩. প্রতিবেদন রিভিউ কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. আবেদনকারী প্রার্থীদের মধ্যে থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরি করা হবে।<br>৫. গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৫ | **প্রতিবেদন সম্পাদক**<br>প্রতিদিন ৩,০০০/- হারে সম্মানী তবে একটি প্রতিবেদনের জন্য একজন সর্বোচ্চ ৪০ দিনের বেশী সময় পাবেন না। | ৫টি | ১. প্রথম শ্রেণি বা সমপর্যায়ের কর্মকর্তা অথবা কোন বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় নিয়োজিত।<br>২. যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম মাস্টার্স ডিগ্রী।<br>৩. প্রতিবেদন সম্পাদনা কাজে অভিজ্ঞতা থাকতে হবে।<br>৪. গবেষণা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৫. আবেদনকারী প্রার্থীদের মধ্যে থেকে যোগ্যতা, দক্ষতা ও অভিজ্ঞতা অনুযায়ী প্যানেল তৈরি করা হবে। |

**শর্তাবলী:**

১. আবেদনকারী প্রার্থীকে উপ-প্রকল্প পরিচালক, **স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর এর কার্যক্রম ব্যবস্থাপনায় সমন্বিত উন্নয়ন প্রকল্প, কন্ট সেন্টার নিপোর্ট,** নিপোর্ট প্রধান কার্যালয়, ১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫ বরাবরে লিখিত আবেদনপত্র নিম্নোক্ত বিবরণ সহ আগামী ০৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখ মঙ্গলবার অফিস চলাকালীন সময়ের মধ্যে দাখিল করতে হবে। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা, (চ) মোবাইল নাম্বার, (ছ) জন্ম তারিখ, (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত

CamScanner

যোগ্যতা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, শিক্ষাবর্ষ, পাশের তারিখ ও বিভাগ/শ্রেণি এন (ঞ) অভিজ্ঞতার প্রকৃতি উল্লেখ করে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সহ দরখাস্ত পেশ করতে হবে। দরখাস্তের খামের উপর সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে।

২.আবেদনপত্রের সাথে পাসপোর্ট সাইজের দুই কপি ছবি এবং শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দিতে হবে।

৩. প্রাপ্ত আবেদন পত্র সমূহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্ণায়ক (Criteria) এর ভিত্তিতে বাছাই করা হবে। বাছাই এর পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে। পদ অনুযায়ী সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় নিপোর্ট ওয়েবসাইটে প্রকাশ করা হবে। সাক্ষাতকারের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদ এবং আবেদনপত্রে উল্লেখিত অভিজ্ঞতার মূল সনদ দেখাতে হবে।

৪. আবেদনকারী আগ্রহী প্রার্থীগণকে আগামী ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় নিপোর্ট প্রধান কার্যালয়, ১৩/১ শেখ সাহেব বাজার, আজিমপুর, ঢাকা-১২০৫-এ সশরীরে উপস্থিত হয়ে সাক্ষাতকারে অংশগ্রহণ করতে হবে। সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

৫. ত্রুটিপূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত কোন কারণ দর্শানো ব্যতীত বাতিল করা হবে।

৬. বিশেষ প্রয়োজনে পদসংখ্যার হ্রাস-বৃদ্ধি হতে পারে।

৬. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৭/০৮/২৬

হিরো ধর

সহকারী পরিচালক (প্রশিক্ষণ), নিপোর্ট

ও

সহকারী প্রকল্প পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, নিপোর্ট এবং
নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর এর কার্যক্রম ব্যবস্থাপনায়
সমন্বিত উন্নয়ন প্রকল্প, কস্ট সেন্টার নিপোর্ট
ফোন: ০১৮৩৩৮২২৪৮২
ই-মেইল: adtraining1@niport.gov.bd

CamScanner